

রাবিতে আন্দোলন অব্যাহত ॥ শান্ত থাকার আহ্বান

রাবি সংবাদদাতা । রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) উপাচার্য প্রফেসর মুহম্মদ মিজানউদ্দিনের সঙ্গে মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের অসৌজন্যমূলক আচরণ ও শিক্ষকদের লাঞ্ছিত করার প্রতিবাদে রাবিতে আন্দোলন অব্যাহত রয়েছে। একই সঙ্গে ৭ দফা দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছে ছাত্রলীগ। ফলে ক্যাম্পাসের সার্বিক পরিস্থিতি অস্থিতিশীল হয়ে পড়েছে। এ অবস্থায় বিষয়গুলো নিয়ে সবাইকে শান্ত থাকতে আহ্বান জানিয়েছেন রাজশাহী সদর আসনের সাংসদ ফজলে হোসেন বাদশা। সোমবার বেলা ১১টা থেকে ১২টা

আচরণ করার সাহস না পায়। এ সময় দোষীদের বিচারের জন্য প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানানো হয়। একই দাবিতে সোমবার সাড়ে ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী ভবনের সামনে মানববন্ধন করে বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। মানববন্ধন শেষে র্যালি বের হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে আবারও সেখানে এসে শেষ হয়। এরপর বেলা ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী ভবনের সামনে মানববন্ধন করে নৃবিজ্ঞান বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। মানববন্ধন থেকে শিক্ষক লাঞ্ছনার ঘটনায় জড়িতদের শাস্তি দাবি করা হয়। এদিকে বিশ্ববিদ্যালয়ের উত্তম পরিস্থিতি সামাল দিতে দুই পক্ষকেই শান্ত থাকার আহ্বান জানিয়েছেন রাজশাহী-২ (সদর) আসনের সাংসদ ও ওয়ার্কার্স পার্টির কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক ফজলে হোসেন বাদশা। সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনে উপাচার্যের সঙ্গে সাক্ষাত শেষে তিনি সাংবাদিকদের কাছে এ কথা বলেন। রাকসুর সাবেক এই ডিপি ফজলে হোসেন বাদশা বলেন, শিক্ষকের সঙ্গে শিক্ষকের মতো আচরণ করতে হবে।